

১০



**চিকিৎসা শিক্ষা সম্পর্কে আ থেকে মতামত সংগ্রহ**

(মিউফোর্ড রিপোর্ট-র)  
স্বাস্থ্য ও জনশক্তি পরি  
কল্পনা কমিটি আজ শনিবা  
থেকে দেশের চিকিৎসা শিক্ষা  
পরিচর্যা প্রতিষ্ঠানগুলো পরিদর্শ  
করবেন এবং সার্বিক স্বাস্থ্য  
ব্যবস্থা সম্পর্কে পৃথক পৃথক  
ভাবে ছাত্র, চিকিৎসক, শিক্ষক  
কর্তৃপক্ষ, রোগী সবার মতামত  
(শেষ পঃ ৬-এর কঃ দঃ)

**মতামত সংগ্রহ**

বিভিন্ন দেশ থেকে তাদের  
স্বাস্থ্য ব্যবস্থা সংক্রান্ত কাগজ-  
পত্র আনা ও পরীক্ষা করা এবং  
বিভিন্ন এসোসিয়েশন, মেডিক্যাল  
কলেজ ও হাসপাতালসমূহের  
সংশ্লিষ্ট সবার মতামত ও মতপা-  
রিশ নেয়ার পর এই কমিটি  
আগামী জুন মাসের মধ্যে তাদের  
রিপোর্ট পেশ করবেন।

দেশের ৮টি মেডিক্যাল কলেজ  
ও হাসপাতালসহ জেলা, উপজেলা  
ও ইউনিয়ন পর্যায়ে প্রায় ৩০টি  
চিকিৎসা কেন্দ্র পরিদর্শন করা এই  
কর্মসূচীর অন্তর্ভুক্ত রয়েছে বলে  
সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

সংসদ সদস্য সমন্বয়ে গঠিত  
উচ্চ পর্যায়ের এই কমিটি বাংলা-  
দেশের চিকিৎসা শিক্ষা ব্যবস্থা,  
চিকিৎসা মহাবিদ্যালয়ের ভর্তি  
নীতিমালা নব্বীন চিকিৎসকদের  
চাকরি প্রদানের সম্ভাবনা এবং  
বাংলাদেশের স্বাস্থ্য ব্যবস্থার  
সার্বিক উন্নয়নের জন্য বিভিন্ন  
সমস্যা ও তা সমাধানের বিষয়  
নির্নে আলোচনা করবেন।

কর্মসূচীর প্রথম দিনে ঢাকা  
মেডিক্যাল কলেজ ও হাসপাতাল  
এবং দ্বিতীয় দিনে স্যার সলি-  
মুল্লাহ মেডিক্যাল কলেজ ও  
মিউফোর্ড হাসপাতাল পরিদর্শন  
করবেন। পরবর্তীতে অন্যান্য  
চিকিৎসা প্রতিষ্ঠান পরিদর্শন কর-  
বেন।

চাকরিতে নিয়োগের জন্য ইন-  
সার্ভিস টেইনী চিকিৎসকদের  
আন্দোলনের পরিপ্রেক্ষিতে গত  
সেপ্টেম্বর মাসে সরকার ৯ সদস্য-  
বিশিষ্ট এই কমিটি গঠন করে  
দেন। কমিটির আহ্বায়ক হচ্ছেন  
শ্রী ও জনশক্তি মন্ত্রী আবদু  
রশীদ হুজুর্জিয়া, সদস্য সচিব  
হচ্ছেন নিপসমের ডাক্তার আমি-  
নুল ইসলাম তরফদার। সদস্যরা  
হচ্ছেন যোগাযোগমন্ত্রী মতিউর  
রহমান, আওয়ামী লীগের সংসদ  
সদস্য ও বাংলার বাণীর সম্পাদক  
শেখ ফজলুল করিম সৌলম,  
ন্যাশনাল আওয়ামী পার্টি (এন-  
এপি) এর দলীয় নেতা ও সংসদ  
সদস্য সুরঞ্জিত সেনগুপ্ত, জাসদ  
(রব) এর দলীয় নেতা ও সংসদ  
সদস্য আ স হুজুর্জিয়া রব,  
জাতীয় পার্টির সংসদ সদস্য মঞ্জুর  
মোশেদ খান ও সৈয়দা সাকিনা  
ইসলাম।